# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯৮

১/ বিবিধ

আরবী

سبحان الله ماذا تستقبلون، وماذا يستقبل بكم؟ قالها ثلاثا، فقال عمر:
يا رسول الله وحي نزل أو عدوحضر؟ قال: لا، ولكن الله يغفر فى أول ليلة من رمضان لكل أهل هذه القبلة، قال: وفي ناحية القوم رجل يهز رأسه يقول: بخ بخ فقال له النبي صلى الله عليه وسلم: كأنك ضاق صدرك مما سمعت؟ قال: لا والله يا رسول الله ولكن ذكرت المنافقين، فقال النبي صلى الله عليه وسلم: إن المنافق كافر، وليس لكافر في ذا شيء
منكر

رواه الطبراني في " الأوسط " (1 / 97 / 1 من زوائده) وأبو طاهر الأنباري في " مشيخته " (147 / 1 ـ 2) وابن فنجويه في " مجلس من الأمالي في فضل رمضان " (3 / 2 ـ 4 / 1) والواحدي في " الوسيط " (1 / 64 / 1) والدولابي في " الكنى " (1 / 107) عن عمرو بن حمزة القيسي أبي أسيد حدثنا أبو الربيع خلف عن أنس بن مالك أن النبي صلى الله عليه وسلم لما حضر شهر رمضان قال: فذكره وقال الطبراني: لا يروى عن أنس إلا بهذا الإسناد تفرد به عمرو
ومن هذا الوجه رواه البيهقي في " شعب الإيمان " كما في اللآليء المصنوعة (2 / 101) للسيوطي، أورده شاهدا للحديث الذي قبله وسكت عليه! وليس بشيء، فإن عمرو بن حمزة هذا ضعفه الدارقطني وغيره، وقال البخاري والعقيلي
لا يتابع على حديثه، ثم ساق له العقيلي حديثين هذا أحدهما ثم قال: لا يتابع عليهما،

وخلف أبو الربيع مجهول، وهو غير خلف بن مهران وقد فرق بينهما البخاري وكذا ابن أبي حاتم، فقد ترجم لابن مهران أولا، ووثقه، ثم ترجم لأبي الربيع ولم يذكر فيه جرحا ولا تعديلا، ثم رأيت ابن خزيمة قد أشار لتضعيف هذا الحديث، فقد ذكره المنذري في " الترغيب " (2 / 63) ثم قال: رواه ابن خزيمة في " صحيحه " والبيهقي، وقال ابن خزيمة: إن صح الخبر فإني لا أعرف خلفا أبا الربيع بعدالة ولا جرح ولا عمرو بن حمزة القيسي الذي دونه
قال المنذري: قد ذكرهما ابن أبي حاتم ولم يذكر فيهما جارحا
قلت: فكان ماذا؟ ! فإنه لم يذكر فيه توثيقا أيضا، فمثل هذا أقرب إلى أن يكون مجهولا عند ابن أبي حاتم من أن يكون ثقة عنده وإلا لما جاز له أن يسكت عنه ويؤيد هذا قوله في مقدمة الجزء الأول (ق 1 ص 38) : على أنا ذكرنا أسامي كثيرة مهملة من الجرح والتعديل كتبناها ليشتمل الكتاب على كل من روى عنه العلم رجاء وجود الجرح والتعديل فيهم، فنحن ملحقوها بهم من بعد إن شاء الله، فهذا نص منه على أنه لا يهمل الجرح والتعديل إلا لعدم علمه بذلك، فلا يجوز أن يتخذ سكوته عن الرجل توثيقا منه له كما يفعل ذلك بعض أفاضل عصرنا من المحدثين، وجملة القول: أن هذا الحديث عندي منكر لتفرد هذين المجهولين به

বাংলা

২৯৮। সুবহানআল্লাহ তোমরা কোন বস্তুকে অভ্যার্থনা জানাবে এবং কোন বস্তুকে তোমাদের সম্মুখবর্তী করা হবে? তিনি বাক্যটি তিনবার বললেন। অতঃপর উমার (রাঃ) বললেনঃ হে আল্লাহর রাসুল! ওহী নাযিল হয়েছে নাকি দুশমন উপস্থিত হয়েছে? তিনি বললেনঃ না, কিন্তু আল্লাহ এ কেবলাবাসিদের সকলকে রমযান মাসের প্রথম রাতেই ক্ষমা করে দিবেন। (বর্ণনাকারী বললেনঃ) মজলিসের একধারে এক ব্যাক্তি তার মাথা নাড়াছিলেন এবং বলছিলেনঃ যথেষ্ট হয়েছে যথেষ্ট হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ এ কথা শুনে সম্ভবত তোমার হৃদয় সংকীর্ণ হয়ে গেছে? সে বললঃ আল্লাহর কসম তা না হে আল্লাহর রাসুল! তবে আমি মুনাফেকদের ব্যাপারে বলছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ মুনাফেক হচ্ছে কাফের আর কাফেরের জন্য তাতে কোন অংশ নেই।

হাদীসটি মুনকার।

এটি তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে (১/৯৭/১), আবু তাহের আম্বারী তার “আল-মাশীখা” গ্রন্থে (১৪৭/১-২) ও আরো অনেকে আমর ইবনু হামযা আল-কায়সী আবু উসায়েদ হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ আনাস (রাঃ) হতে শুধুমাত্র এ সনদেই হাদীসটি বর্ণিত হয়েছে। আমর এককভাবে এটি বর্ণনা করেছেন।

সুয়ূতী "আল-লাআলীল মাসনু'য়াহ" গ্রন্থে (২/১০১) পূর্বের হাদীসটির শাহেদ হিসাবে এটিকে উল্লেখ করেছেন, অতঃপর চুপ থেকেছেন। কারণ এ আমর ইবনু হামযাকে দারাকুতনীসহ অন্যরা দুর্বল বলেছেন। বুখারী ও উকায়লী তার সম্পর্কে বলেনঃ তার হাদীসের অনুসরণ করা যাবে না। অতঃপর উকায়লী তার দুটি হাদীস উল্লেখ করেছেন, এটি সে দুটির একটি। অতঃপর বলেছেনঃ এ দুটির অনুসরণ করা যায় না।

অন্য এক বর্ণনাকারী খালাফ আবূর রাবী হচ্ছেন মাজহুল (অপরিচিত)। তিনি খালাফ ইবনু মিহরান নন। বুখারী ও ইবনু আবী হাতিম উভয়ের মধ্যে পার্থক্য করেছেন। তিনি (ইবনু আবী হাতিম) খালাফ ইবনু মিহরানকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। অতঃপর আবূর রাবী’র জীবনী উল্লেখ করেছেন। কিন্তু তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলেননি।

ইবনু খুযায়মা তার “সহীহাহ” গ্রন্থে এ হাদীসটিকে দুর্বল হিসাবে ইঙ্গিত দিয়েছেন, যা মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (২/৬৩) উল্লেখ করেছেন। ইবনু খুযায়মা বলেনঃ আমি খালাফ আবূর রাবী’ এবং আমর ইবনু হামযাকে (ভাল না মন্দ এ হিসাবে) চিনি না।

মোটকথা এ দুই মাজহুল বর্ণনাকারী এককভাবে বর্ণনা করার কারণে হাদীসটি আমার নিকট মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5557

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন